
# চুয়াডাঙ্গা জেলা ছাত্রদল নেতা অস্ত্রসহ সেনাবাহিনীর হাতে আটক




ছাত্রদল নেতা কিরণ : সংগৃহীত ছবি

আগ্নেয়াস্ত্র ও দেশীয় অস্ত্রসহ চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক নাজমুল আরেফিন কিরণকে আটক করেছে সেনাবাহিনীর একটি টিম ।তাকে আটক করে সেনাবাহিনী আইনি প্রক্রিয়ার জন্য থানায় হস্তান্তর করে বলে জানিয়েছে।

আজ বৃহস্পতিবার (১৯ জুন) ভোরে গোয়েন্দা সংস্থার গোপন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে তার নিজ বাড়ি থেকে আটক করা হয়। নাজমুল আরেফিন শহরের গুলশানপাড়ার মৃত জিন্নাত আলীর ছেলে।

যৌথ অভিযানে তার বাড়ি থেকে একটি থ্রি নট থ্রি রাইফেলের বডি (অংশ বিশেষ), ১৭টি দেশীয় অস্ত্র, ৩টি চাপাতি, ৬টি বড় ছুরি, ৩টি রামদা, ৬টি তরবারি, একটি ল্যাপটপ ও একটি অবৈধ চুরি করা মোবাইলফোন উদ্ধার করা হয়।

LENS ASIA

এই ঘটনায় চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক মোমিম মালিথা সাংবাদিকদের বলেন, নাজমুলকে আটকের খবর শুনেছি। তার বিরুদ্ধে উঠা অভিযোগ খতিয়ে দেখার জন্য তদন্ত কমিটি গঠন করে। বহিষ্কার করার সিদ্ধান্ত নেওয়া হবে।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খালেদুর রহমান জানান, গ্রেফতার নাজমুলের বিরুদ্ধে মামলা হয়েছে।তাকে আদালতে সোপর্দ করা হবে।